52

দৈনিক ইনকিলাব

তারিখ 05 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## 'ঘ' ইউনিট ও নৌ ক্যাডেট ভর্তি পরীক্ষা প্রসঙ্গে

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৯৩-৯৪ সেশনে সম্মান ভর্তি পরীক্ষার তারিখ নির্দিস্ট হয়ে গেছে। আবার নৌ ক্যাডেট ভর্তি পরীক্ষার তারিখ ও প্রার্থীদের জানান হয়েছে এর মধ্যে ঢাকা বিশ্বঃ 'ঘ' ইউনিটে এবং নৌ ক্যাডেটের লিখিত ভর্তি পরীক্ষার তারিখ একই দিনে ২১-০১-৯৪ইং তারিখে নির্ধারিত করা হয়েছে। আমি উভয় ক্ষেত্রে পরীক্ষার্থী। কর্তৃপক্ষ উভয় পরীক্ষার গুরুত্ব কম নয় আর কোনটার ফলাফল নিশ্চিত করে পরীক্ষাও দেওয়া যাবে না তাই দুই পরীক্ষার তারিখ ভিন্ন হলে সবাই উভয় পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। কাজেই উভয় কর্তৃপক্ষের নিকট আবেদন আপনারা উভয় পক্ষ সমঝোতার মাধ্যমে যে কোন একখটি পরীক্ষার তারিখ পরিবর্তন করে ছাত্রদের প্রতি সহানুভূতি দেখিয়ে উভয় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিয়ে বাধিত করবেন।

ইতি—
বোরহান উদ্দিন বিশ্বাস
এসএসএ হল,
ঢাকা-১১০০।